

## Early year শিক্ষা বিষয়ে



ইউকে আলি ইয়ার্স সেটিংসে (নার্সারি) এবং রিসেপশনে (ইয়ার আর), বেশিরভাগ বাচ্চারই খেলার মধ্য দিয়ে শেখা হয়। আলি ইয়ার্স বছরগুলিতে কথা বলার উন্নতির করার জন্য শিক্ষকরা ক্রিয়াকলাপগুলি গঠন করেন। শিশুরা সমস্যা-সমাধান করতে শেখে এবং তারা কীভাবে তা করছে সেটি বলে। গবেষণায় দেখা গেছে যে এটি বাচ্চাদের অগ্রগতি উন্নত করতে পারে বছরে 7 মাস অবধি।

## আমি কীভাবে আমার সন্তানের প্রি-স্কুল বা নার্সারি সন্ধান করব?



আমি কীভাবে আমার কাছাকাছি প্রি-স্কুল বা নার্সারি খুঁজে পেতে পারি? জাতীয় অনুসন্ধানের জন্য (ইংল্যান্ড এবং ওয়েলস), এখানে শুরু করুন [find a nursery school place](#)

চাইল্ড কেয়ার এবং পরিবার পরিষেবা সম্পর্কিত তথ্য জানতে হ্যাম্পশায়ারের পরিবার তথ্য ডিরেক্টরি অনুসন্ধান করুন: [Hampshire FID information](#)

## এতে কত খরচ হয়?



### প্রি-স্কুলে কত খরচ হয়?

রেজিস্টার্ড প্রি-স্কুলে জায়গা পেলে সন্তানের 2 বছর বয়স থেকে, আপনি অর্থের সাহায্য নিতে পারেন (যোগ্যতার মানদণ্ড প্রযোজ্য)। 3 বছর বয়স থেকে সমস্ত শিশু 15 ঘন্টা বিনামূল্যে প্রি-স্কুল শিক্ষার জন্য উপযুক্ত।

আরও তথ্যের জন্য, দেখুন [Free Early Education](#)

## আমার সন্তানের প্রাথমিক বিকাশলাভ করতে আমি কীভাবে সাহায্য করতে পারি



আপনার সন্তানকে তাদের ভাষার দক্ষতা বিকাশ এবং অনুশীলনে সহায়তা করতে পারে প্রতিদিনের প্রচুর অভিজ্ঞতা। সংখ্যার বিষয়ে কথা বলুন এবং গণনা অনুশীলন করুন, যেমন আপনি যখন কেনাকাটা করতে যাবেন তখন এই নিয়ে কথা বলতে পারেন। স্নানের সময় খেলার মধ্য দিয়ে অন্বেষণ করুন, কীভাবে খালি, প্লাস্টিকের বোতল ডুবে যায় এবং ভেসে ওঠে। প্রশ্ন জিজ্ঞাসা করুন যেমন "তোমার কি মনে হয় এরপর কি হবে ...?" আপনার সন্তানের সবার সময়ে যখনগল্পের বই পড়েন তখন ছবিগুলি সম্পর্কে কথা বলুন। কথা বলুন আপনার শক্তিশালী ভাষায়, তা হতে পারে আপনার ঘরের ভাষা বা ইংরেজি।

গবেষণায় দেখা যায় যে বাবা-মা তাদের সন্তানের সাথে এইভাবে কথা বলেন তারা অপ্রতুল ভাষার চর্চার পরিবেশের থেকে অনেক বেশি অগ্রসর হয়। কথ্য ভাষায় সমৃদ্ধ একটি বাড়ির পরিবেশ এক বছরে 5 মাসের বেশি উন্নতি নিয়ে আসতে পারে।

আমার সন্তানের জন্য একটি স্কুল আমি কীভাবে সন্ধান করব??



হ্যাম্পশায়ার, সাউদাম্পটন, পোর্টসমাউথ এবং আইল অফ ওয়াইটের সমস্ত স্কুল অনুসন্ধান করতে এখানে দেখুন: [Search for a school in Hampshire](#)

একটি স্কুলে জায়গা পেতে আপনি এখানে অনলাইনে আবেদন করতে পারেন [Apply for a school place online](#).

আপনার আবেদনপত্রে, আপনার পছন্দ অনুসারে তিনটি স্কুলের নাম রাখা উচিত। আপনি ইনফ্যান্ট স্কুলগুলি থেকে বেছে নিতে পারেন, যার মধ্যে ইয়ার আর, ইয়ার ওয়ান এবং ইয়ার টু পড়বে এবং প্রাথমিক বিদ্যালয়গুলি রয়েছে, যেগুলি ইয়ার আর থেকে শুরু করে ইয়ার সিক্স অবধি।

ইয়ার আর এ জায়গা পেতে আপনি যদি বিলম্বিত (লেট) আবেদন করছেন (অনলাইন অ্যাপ্লিকেশনগুলির জন্য জানুয়ারী কাট-অফের পরে), আপনি তবুও এখানে অনলাইনে আবেদন করতে পারবেন। [Make a late application for a school place](#).

## আমার সন্তান অসুস্থ হলে কী হবে?

আপনার সন্তানের বয়স 5 হলে তা বাধ্যতামূলক শিক্ষার মধ্যে পরে, তারা অসুস্থ হলে আপনাকে অনুপস্থিতির প্রথম দিন অবশ্যই তা স্কুলে জানাতে। আরও তথ্যের জন্য দেখুন: [What to do if your child is unwell](#)



যদি আমার সন্তান অসুস্থ হয় এবং স্কুলে যেতে না পারে তখন আমার কি করা উচিত?

অল্প ঠান্ডা লাগলে, শিশুরা স্কুলে যাবেনা তা আশা করা হয় না। যদি আপনার সন্তানের বমি হয় তাহলে শেষবার বমি করার পরে তাদের 48 ঘন্টা স্কুল থেকে দূরে থাকা উচিত। অন্যান্য বাচ্চাদের মধ্যে রোগ যাতে না ছড়ায় তার জন্য এটি করা হয়। যদি আপনার সন্তানের অসুস্থতা তাদের আরও দীর্ঘ সময়ের জন্য স্কুল থেকে দূরে রাখে তবে এই বিষয়ে বিদ্যালয়ের সাথে আপনার কথা বলা উচিত।

## EMTAS ফোন লাইন

[Phone lines](#) আপনার সন্তানের পড়াশুনা নিয়ে আপনার যদি কোনও উদ্বেগ থাকে এবং সে সম্পর্কে কথা বলতে এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে আমাদের ফোন লাইন উপলব্ধ। আমাদের ফোন লাইনের কর্মীরা বিভিন্ন ভাষায় কথা বলতে পারেন। বর্তমান প্রাপ্ততা সম্বন্ধে জানতে অনুগ্রহ করে দেখুন [see our website](#)



আমার ভাষায় কথা বলার প্রয়োজন

- [EMTAS website pages](#) আলি ইয়ার্স এবং রিসেপশন ইয়ার পিতামাতার জন্য
- ['Bringing up your child bilingually'](#) বিভিন্ন ভাষার লিফলেটের জন্য দেখুন
- [National Literacy Trust](#) আলি ইয়ার্সে দ্বিভাষিকতা সম্বন্ধে আরো জানার জন্য দেখুন
- বুকট্রাস্ট ['Reading with your child'](#) অনেক ভাষায় অনুবাদিত বুকলেট



লিংকগুলি